

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪১৯৯]
৫১/ মাগাযী (যুদ্ধাভিযান) (১ ১ ১৯৮)
পরিচ্ছেদঃ ২২০২, খায়বারের যুদ্ধ

باب غَزْوَةُ خَيْبَرَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْوَهَّابِ، حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ مُحَمَّدٍ، عَنْ أَنسِ مَالِك له عليه وسلم جَاءَهُ جَاءٍ فَقَالَ أُكِلَتِ بْنِ مَالِك له عليه وسلم جَاءَهُ جَاءٍ فَقَالَ أُكِلَتِ الْحُمُرُ. فَسَكَتَ، ثُمَّ التَّالِثَة فَقَالَ أُفْنِيَتِ الْحُمُرُ. فَسَكَتَ، ثُمَّ التَّالِثَة فَقَالَ أُفْنِيَتِ الْحُمُرُ. فَسَكَتَ، ثُمَّ التَّالِثَة فَقَالَ أُفْنِيَتِ الْحُمُرُ. فَلَاحُمُرُ. فَلَا اللَّهُ وَرَسُولَهُ يَنْهَيَانِكُمْ عَنْ لُحُومِ الْحُمُرِ الأَهْلِيَّةِ. الْحُمُرُ الْأَهْلِيَّةِ. فَأَكُورُ وَإِنَّهَا لَتَفُورُ بِاللَّحْمِ.

বাংলা

৩৮৮৫। আবদুল্লাহ ইবনুব আবদুল ওয়াহহাব (রহঃ) ... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে একজন আগন্তুক এসে বললো, (গনীমতের) গাধাগুলো খেয়ে ফেলা হচ্ছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম চুপ রইলেন। এরপর লোকটি দ্বিতীয়বার এসে বলল, গাধাগুলো খেয়ে ফেলা হচ্ছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তখনও চুপ থাকলেন। লোকটি তৃতীয়বার এসে বলল, গৃহপালিত গাধাগুলো খতম করে দেয়া হচ্ছে। তখন তিনি একজন ঘোষণাকারীকে হুকুম দিলেন, সে লোকজনের সামনে গিয়ে ঘোষনা দিলো, আল্লাহ এবং তার রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম (রাঃ) তোমাদেরকে গৃহপালিত গাধার মাংস খেতে নিষেধ করেছেন। (ঘোষণা শুনে) ডেকচিগুলো উল্টিয়ে দেয়া হল। অথচ ডেকচিগুলোতে গাধার মাংস তখন টগবগ করে ফুটছিল।

English

Narrated Anas bin Malik:

Someone came to Allah's Messenger (ﷺ)s and said, "The donkeys have been eaten (by the Muslims)." The Prophet kept quiet. Then the man came again and said, "The donkeys have been eaten." The Prophet (ﷺ) kept quiet.



The man came to him the third time and said, "The donkeys have been consumed." On that the Prophet () ordered an announcer to announce to the people, "Allah and His Apostle forbid you to eat the meat of donkeys." Then the cooking pots were upset while the meat was still boiling in them.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন